সংবাদ

দৈনিক সংবাদ

ঢাকা : রোববার, ১৫ই আশ্বিন, ১৩৯৫

02 OCT 1988

কলাম ৪

শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রায় পাঁচ হাজার শিক্ষক শিক্ষা মন্ত্রণালয়ের এক সিদ্ধান্ত ও নির্দেশের ফলে মাসিক প্রাপ্য দু'হাজার টাকার ওপর বেতন ও ভাতার পরিবর্তে এখন দেড় হাজার টাকা মাত্র পাবেন।

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে এযাবৎ তাদের হিসাবমত যে বাড়তি বেতন উক্ত শিক্ষকরা গ্রহণ করেছেন, তাও ফেরত দিতে বলা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশের ফলে আর্থিক ক্ষতিগ্রস্ত শিক্ষকরা এ সিদ্ধান্ত রদ এবং বেতন না কমানোর জন্য রাষ্ট্রপতির নিকট আবেদন জানিয়েছেন।

তারা তাদের আবেদনে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত পুনর্বিবেচনার কারণ হিসাবে সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতি এবং দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কথা উল্লেখ করেছেন বলে জানা গেছে।

আমরা শিক্ষা মন্ত্রণালয়ের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের গ্রাজুয়েট শিক্ষকদের বেতন কমানো এবং পূর্বে গৃহীত তাদের হিসাবমতে অতিরিক্ত অর্থ ফেরতদানের সম্পর্কে কিছু নিবেদন তাদের পুনর্বিবেচনার জন্য পেশ করতে চাই।

শিক্ষা মন্ত্রণালয় থেকে যুক্তি দেখানো হয়েছে যে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতার নিম্নতম যোগ্যতা এস, এস, সি ও পিটিআই পাস। কিন্তু গ্রাজুয়েট শিক্ষকরা পিটিআই পাস নন। তাই তাদেরকে এসব বিদ্যালয়ে নিযুক্ত নিম্নতম যোগ্যতা-সম্পন্ন শিক্ষকদের সমতুল্য বেতন গ্রহণ করতে হবে। সুতরাং গ্রাজুয়েট শিক্ষক হিসাবে এযাবৎ তারা যে বেতন স্কেল, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পেতেন তা আর পাবেন না। শুধু তাই নয়, ইতিপূর্বে তারা এধরনের প্রাপ্য সুযোগ-সুবিধা [illegible] থেকে [illegible]।

[illegible]

[illegible]

[illegible]